গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

নং-মৃত্তিকা/প্র:(সা:)/৮-১(খ)/২০১৪/১৫৮০ তারিখ : ২৮/০৯/২০১৪ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার অধিবাসীদের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|
| ১। | স্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার অপারেটর টাঃ ৫,৫০০-১২,০৯৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনপক্ষে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি যথাক্রমে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ গতি সম্পন্ন হইতে হইবে। | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, জামালপুর, শেরপুর, চাঁদপুর, ফেনী, জয়পুরহাট, ঠাকুরগাঁও, রাজশাহী, গাইবান্ধা, যশোহর, মাগুড়া, নড়াইল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর এবং পটুয়াখালী। |
| ২। | স্টেনোটাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর টাঃ ৫,২০০-১১,২৩৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বাংলা ও ইংরেজি সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনপক্ষে ৪৫ ও ৭০ শব্দ এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি যথাক্রমে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ গতি সম্পন্ন হইতে হইবে। | |
| ৩। | ডাটা এন্ট্রি অপারেটর টাঃ ৪,৭০০-৯,৭৪৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(খ) প্রার্থীদের অবশ্যই ডাটা এন্ট্রি অপারেটর-এর অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর টাঃ ৪,৭০০-৯,৭৪৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ১৯(উনিশ)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হইতে হইবে। | |
| ৫। | ক্যাশিয়ার টাঃ ৪,৭০০-৯,৭৪৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৬ (ছয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। হিসাব ও ক্যাশ পরিচালনার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৬। | গাড়িচালক টাঃ ৪,৭০০-৯,৭৪৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ১ (এক)টি | ৮ম শ্রেণী উত্তীর্ণসহ মোটর ড্রাইভিং লাইসেন্সসহ মোটর গাড়ী চালনায় ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৭। | ও,বি,এম, অপারেটর টাঃ ৪,৭০০-৯,৭৪৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ৩ (তিন)টি | ৮ম শ্রেণী উত্তীর্ণসহ বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্সসহ অবশ্যই আউট বোট মেশিন (স্পীড বোট) ও মোটর গাড়ী চালানোয় ন্যূনপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ৮। | ট্রেসার টাঃ ৪,৫০০-৯,০৯৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৮ (আট)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা এবং কোন অনুমোদিত কারিগরি প্রতিষ্ঠান হইতে ন্যূনপক্ষে ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৯। | অ্যামোনিয়া প্রিন্টার টাঃ ৪,৫০০-৯,০৯৫/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণসহ অ্যামোনিয়া প্রিন্টিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১০। | ফটোকপি অপারেটর টাঃ ৪,৪০০-৮,৫৮০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ১ (এক)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা উত্তীর্ণসহ ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১১। | ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট টাঃ ৪,৪০০-৮,৫৮০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৯ (নয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। | গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, জামালপুর, শেরপুর, টাংগাইল, বান্দরবান, চাঁদপুর, দিনাজপুর, পঞ্চগড়, ঠাকুরগাঁও, পাবনা, রাজশাহী, নওগাঁ, নবাবগঞ্জ, গাইবান্ধা, খুলনা, ঝিনাইদহ, মাগুড়া, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাংগা, বরিশাল, ভোলা, ঝালকাঠি এবং পটুয়াখালী। |
| ১২। | রেকর্ড সাপ্লাইয়ার টাঃ ৪,২৫০-৮,১৪০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। নথিপত্র সংরক্ষণের কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ১৩। | ফিল্ডম্যান টাঃ ৪,১০০-৭,৭৪০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৭ (সাত) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কায়িক পরিশ্রম করিবার জন্য অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। | |
| ১৪। | অফিস সহায়ক টাঃ ৪,১০০-৭,৭৪০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৬ (ছয়) টি | ৮ম শ্রেণী উত্তীর্ণ। | |
| ১৫। | নিরাপত্তা প্রহরী টাঃ ৪,১০০-৭,৭৪০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক, পুলিশ এবং আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ৬ (ছয়) টি | ৮ম শ্রেণী উত্তীর্ণ। শারীরিক যোগ্যতা সম্পন্ন অবসর প্রাপ্ত সামরিক, পুলিশ এবং আনসার বাহিনীর সদস্যগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ১৬। | পরিচ্ছন্নতা কর্মী টাঃ ৪,১০০-৭,৭৪০/- | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর। | ৪ (চার) টি | ৮ম শ্রেণী উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |

চলমান পাতা/২

শর্তাবলীঃ

১। প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ জেলার নাম, জন্ম তারিখ, ০১/০৯/২০১৪ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, প্রাপ্ত বিভাগ/জিপিও, গ্রুপ, পাসের সন ও বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখসহ), অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা, জাতীয়তা, বিশেষ কোটা (যদি থাকে) ও ধর্ম উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত করিতে হইবে।

২। আবেদনপত্রের সংগে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি (কোন প্রকার প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য হইবে না), অভিজ্ঞতার সমর্থনে সনদপত্রের অনুলিপি, স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর-এর নিকট হইতে স্থায়ী বাসিন্দার সমর্থনে প্রত্যয়ন পত্রের অনুলিপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করিতে হইবে। ছবিসহ সকল অনুলিপি অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীলসহ সত্যায়ন করিতে হইবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

৩। প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না। দরখাস্তকারীর বয়স ০১/০৯/২০১৪ তারিখে ১৮ হইতে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধার পোষ্য ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর। সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী) প্রচলিত নিয়মে সংরক্ষিত থাকিবে। কোন বিশেষ কোটায় অগ্রাধিকার পাওয়ার স্বপক্ষে দরখাস্তকারীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রমাণপত্র দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

৪। যোগ্যপ্রার্থী পাওয়া সাপেক্ষে জেলাওয়ারী কোটাসহ সরকারী নির্দেশ অনুযায়ী অন্যান্য সকল কোটা অনুসরণ করা হইবে। তবে পূর্বে সংরক্ষিত অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর-১টি, গাড়িচালক-১টি, অ্যামোনিয়া প্রিন্টার-১টি, ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট-১টি এবং ফিল্ডম্যান-১টি মোট ৫টি পদ মুক্তিযোদ্ধার পোষ্যদের জন্য নির্ধারিত থাকিবে। নিয়োগপত্র জারী করার পর প্রার্থীর স্থায়ী ঠিকানা মিথ্যা প্রমাণিত হইলে তাঁহার নিয়োগ বাতিল করা হইবে।

৫। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের জন্য প্রার্থীদের মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে আবেদনপত্রে নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি উল্লেখ করিতে হইবে।

| মুক্তিযোদ্ধার নাম | পিতার নাম | উপজেলা/ জেলার নাম | জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর, গেজেট নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর |
|---|---|---|---|---|---|

৬। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে।

৭। আবেদনপত্র প্রেরণের খামের উপরের অংশে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা যেমন-মুক্তিযোদ্ধা কোটা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী ইত্যাদি অবশ্যই উল্লেখ করিতে হইবে।

৮। ক্রমিক নং- ১, ২, ৩ ও ৪ এ বর্ণিত পদে আবেদনকারীগণকে ক্ষেত্রভেদে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সাঁটলিপি, কম্পিউটার অপারেটিং ও টাইপের ন্যূনতম গতি অর্জন সংক্রান্ত সনদপত্র দাখিল করিতে হইবে।

৯। উল্লেখিত পদসমূহের মধ্যে ক্রমিক নং-১ হইতে ১০ পর্যন্ত বর্ণিত পদের জন্য ১০০ (একশত) টাকা এবং ক্রমিক নং-১১ হইতে ১৬ পর্যন্ত বর্ণিত পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা পরীক্ষা ফি বাবদ ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং ১-৪৩৪৫-০০০০-২০৩১ তে জমাদান পূর্বক চালানের মূলকপি দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

১০। প্রার্থীদের সাক্ষাৎকারের সময় সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করিতে হইবে।

১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হইতে পারে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/পরিমার্জন/সংযোজন/বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

১৩। পরীক্ষার স্থান, তারিখ ও সময় প্রবেশপত্রে উল্লেখ থাকিবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৪। আবেদনকারীকে উপরোল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে আগামী ১৩/১১/২০১৪ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫ বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

১৫। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর ১১/০৭/২০১২ খ্রি: তারিখের মৃত্তিকা/প্র:(সা:)/৮-১(খ)/২০১২/১২৫৯ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তির (যা দৈনিক সমকাল পত্রিকায় ১২/০৭/২০১২ এবং দৈনিক ইত্তেফাক পত্রিকায় ১৪/০৭/২০১২ তারিখে প্রকাশিত হয়) প্রেক্ষিতে যাহারা ইতিপূর্বে আবেদন করিয়া ছিলেন, তাহাদের পুনরায় আবেদন করিবার প্রয়োজন নাই।

১৬। অত্র বিজ্ঞপ্তিটি মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের **www.srdi.gov.bd**-ওয়েব সাইটে পাওয়া যাইবে।

২৮-১০-১৪
(খোন্দকার মঈনউদ্দিন)
পরিচালক (চলতি দায়িত্ব)
ফোন : ৯১১৩৩৬৩
**E-mail : directorsrdi@yahoo.com**